

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
লক্ষীছড়ি, খাগড়াছড়ি।






বিষয় : অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরন বিষয়ক স্থায়ী কমিটির সভা।

সভার তারিখ : ২৭/০২/২০২৪খ্রি. মঙ্গলবার, সময় : সকাল - ১০.০০ ঘটিকা।

সভার স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, লক্ষীছড়ি।

সভাপতি : সুমনা চাকমা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।


সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা ও উপস্থিতির স্বাক্ষর।

ক্রমসং	নাম	পদবী	কমিটির পদবী	উপস্থিতির স্বাক্ষর
১.	সুমনা চাকমা	মহিলা ভাইস চেয়ারম্যান	সভাপতি	
২.	ত্রিলন চাকমা	চেয়ারম্যান, ২নং দুলাতলী ইউপি	সদস্য	
৩.	সুইচালা চৌধুরী	চেয়ারম্যান, ৩নং বর্মাছড়ি ইউপি	সদস্য	
৪.	প্রবিল কুমার চাকমা	চেয়ারম্যান, ১নং লক্ষীছড়ি ইউপি	সদস্য	
৪.	মোঃ মহব্বত আলী	উপজেলা প্রকৌশলী	সদস্য সচিব	

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানান। তিনি উপজেলা প্রকৌশলীকে তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিশদ আলোচনার জন্য অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী জানান আগামী ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট তৈরী করা হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে মহিলা ভাইস চেয়ারম্যান বলেন অত্র উপজেলায় বিনোদন কেন্দ্র নেই বললেই চলে। বিনোদনের জন্য শুধুমাত্র অফিসার ক্লাবটি রয়েছে তাও বর্তমানে জরাজীর্ণ অবস্থা, বসার মত পরিবেশ নেই। সুতরাং চলতি বছরে প্রাপ্ত বরাদ্দ হতে উক্ত ক্লাবটি মেরামত করা প্রয়োজন। তিনি আরো বলেন, অত্র উপজেলার দুঃস্থ ও গরীব মহিলাদের আত্মসামাজিক উন্নয়নের লক্ষ্যে নারী কল্যাণ সমিতিতে সেলাই মেশিন বরাদ্দ প্রদান দরকার। দুলাতলী ইউপি চেয়ারম্যান বলেন তার ইউনিয়নে বিনোদনের জন্য একঘণ্ডা ভালেদি ক্লাব নামে একটি প্রতিষ্ঠান রয়েছে। উক্ত প্রতিষ্ঠানে সাংস্কৃতিক সরঞ্জাম অত্যন্ত প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : নারী কল্যাণ সমিতিতে সেলাই মেশিন বিতরণ প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।


(সুমনা চাকমা)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরন বিষয়ক স্থায়ী কমিটি
লক্ষীছড়ি, খাগড়াছড়ি।


তারিখ : ২৭/০২/২০২৪খ্রি.।

স্মারক নং-

৬৭৮

অনুলিপি : সদস্য অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।
- ৩। অফিস নথি।


উপজেলা প্রকৌশলী
লক্ষীছড়ি, খাগড়াছড়ি।